সংবাদ

তারিখ 18. JUL 2013
পৃষ্ঠা ১৪ কলাম ৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ে আজকের পরীক্ষা স্থগিত

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ বৃহস্পতিবার অনুষ্ঠেয় সব পরীক্ষাও স্থগিত করা হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, এই পরীক্ষার নতুন সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে পরে জানানো হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য দুটি ওয়েবসাইটে (www.nuadmission.info), (www.nubd.info) পাওয়া যাবে।

প্রসঙ্গত, মুক্তিযুদ্ধকালে মানবতাবিরোধী অপরাধের মামলায় জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মাদ মুজাহিদের ফাঁসির রায় ঘোষণার প্রতিবাদে আজ সারাদেশে হরতাল ডেকেছে জামায়াতে ইসলামী। এই হরতালের কারণে গত মঙ্গল ও বুধবারের পরীক্ষাও স্থগিত করা হয়েছে।